

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
ইরেসপো, কর্মসূচি
পল্লী ভবন, ৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।
www.iresppw-brdb.gov.bd

স্মারক নম্বর: ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৭২১.১৪. 420

তারিখঃ ১০ আগস্ট, ২০২২

বিষয়ঃ জনাব মোঃ হাসান খান, শাখা ব্যবস্থাপক, উদ্দীপন, ইকরি শাখা, মঠবাড়িয়া, পিরোজপুর এর নিকট হতে বিআরডিবি কর্তৃক চলমান দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি'র (ইরেসপো) আত্মসাতকৃত অনাদায়ী ৬০,৪৪৫.০০ (ষাট হাজার চারশত পয়তাল্লিশ) টাকা আদায়ে সহযোগিতা প্রদান।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব মোঃ হাসান খান, শাখা ব্যবস্থাপক, ইকরি শাখা, মঠবাড়িয়া, পিরোজপুর স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচিতে (ইরেসপো) মাঠসংগঠক হিসেবে কর্মরত ছিলেন। পিরোজপুর জেলাধীন নাজিরপুর উপজেলায় মাঠসংগঠক হিসেবে কর্মকালীন জনাব মোঃ হাসান খান প্রকল্পভুক্ত বিভিন্ন সমিতির সদস্যদের নিকট হতে আদায়কৃত সঞ্চয় ও ঋণ বাবদ ২,৫০,১৯০.০০ (দুই লক্ষ পঞ্চাশ হাজার একশত নব্বই) টাকা আত্মসাত করেন। এতদসংক্রান্ত বিষয়ে তার লিখিত স্বীকারোক্তি রয়েছে। তদপ্রেক্ষিতে কর্তৃপক্ষের অনুমতিক্রমে স্মারক নম্বর- ৪৫৯ তারিখ ২৪ নভেম্বর, ২০২০ মূলে তাকে কর্মসূচির চুক্তিভিত্তিক নিয়োগ হতে অপসারণ করা হয় এবং আত্মসাতকৃত ২,৫০,১৯০.০০ (দুই লক্ষ পঞ্চাশ হাজার একশত নব্বই) টাকা ৩১ ডিসেম্বর, ২০২০ তারিখের মধ্যে পরিশোধের নির্দেশনা প্রদান করা হয়। তার স্বগিতকৃত বেতনভাতা ও গ্রাচুইটির অর্থ আত্মসাতের বিপরীতে সমন্বয় করার পরও তাঁর নিকট বর্তমানে ৬০,৪৪৫.০০ (ষাট হাজার চারশত পয়তাল্লিশ) টাকা অনাদায়ী রয়েছে।

২। পরবর্তীতে আত্মসাতকৃত অনাদায়ী অর্থ পরিশোধের জন্য বারংবার তার সাথে যোগাযোগ করা হলে তিনি কোন ধরনের সাড়া দেননি, এমনকি তাঁর বৈধ অভিভাবকের (সম্পর্ক পিতা) নিকট লিখিতভাবে পত্র প্রেরণ করা হলে তিনিও কোন প্রকার জবাব দেননি। আত্মসাতকৃত অর্থ পরিশোধ না করার ফলে প্রকল্পের সদস্যগণ আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে এবং মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুত প্রকল্পের সুনামও ক্ষুণ্ণ হচ্ছে। তার নিকট হতে অনাদায়ী টাকা আদায়ে আপনার একান্ত সহযোগিতা প্রয়োজন।

৩। এমতাবস্থায়, জনাব মোঃ হাসান খান, পিতা: মোঃ নাসির উদ্দিন খান, গ্রাম: জুজখোলা, ডাকঘর: জুজখোলা, উপজেলা: পিরোজপুর সদর, জেলা: পিরোজপুর কর্তৃক আত্মসাতকৃত অবশিষ্ট ৬০,৪৪৫.০০ টাকা (ষাট হাজার চারশত পয়তাল্লিশ) সরকারি অর্থ আদায়ে সহযোগিতা প্রদানের জন্য আপনাকে সবিনয়ে অনুরোধ করা হলো।

স্বাক্ষরিত
২০/০৮/২২
মোহাম্মদ রাশেদুল আলম
কর্মসূচি পরিচালক

নির্বাহী পরিচালক ও সিইও

উদ্দীপন

বাড়ি#০৯, রোড#০১, ব্লক#এফ

জনতা কো-অপারেটিভ হাউজিং সোসাইটি লিমিটেড

রিং রোড, আদাবর, ঢাকা-১২০৭।

স্মারক নম্বর: ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৭২১.১৪.

তারিখঃ ১০ আগস্ট, ২০২২

সদয় জ্ঞাতার্থে

- (১) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- (২) সচিবের একান্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- (৩) উপপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি), পিরোজপুর।
- (৪) মহাপরিচালকের একান্ত সহকারী, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি), ঢাকা।

মোহাম্মদ রাশেদুল আলম
কর্মসূচি পরিচালক